গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
আইন ও পলিসি শাখা

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	এ. টি. এম. জিয়াউল ইসলাম উপ-পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৮/০৯/২০২২
সভার সময়	দুপুরঃ ১২: ০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২।সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.ম.	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ গভীরভাবে পর্যালোচনা করা হয়। কর্ম্পরিকল্পনা বাস্তবায়নে নির্দেশনা প্রদান করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)
২.	ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি সেবা, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সকল বিষয়ে পর্যবেক্ষণ করা হয়। তিনি প্রাতিষ্ঠানিক সেবার ৩, ৫, ৬ ও ৭ এ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হওয়ায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের কথা বলেন। তিনি আরও বলেন হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করা এবং আইসিটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	প্রাতিষ্ঠানিক সেবার ৩, ৫, ৬ ও ৭ এ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করতে হবে এবং বিভাগে প্রেরণ করতে হবে ।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে আলোচনা করেন।	৩০ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ. টি. এম. জিয়াউল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৫.০০০০.০১৪.১৬.০০২.২২.৭৭

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯
১৩ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ অনুবিভাগ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
৪) সহকারী পরিচালক (আইন ও পলিসি), আইন ও পলিসি শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
৫) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

মোছাঃ ফারজানা খান তমা
সহকারী পরিচালক (আইন ও পলিসি)